

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৮৭
আগরতলা, ১৩ মার্চ, ২০২৪

উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলির মধ্যে পর্যটনে ত্রিপুরা পুরস্কৃত



উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলির মধ্যে পর্যটন ব্যয় ও পরিকাঠামো উন্নয়নে অসামান্য অবদানের জন্য ত্রিপুরা পুরস্কৃত হয়েছে। এই ক্ষেত্রে ত্রিপুরা উত্তর পূর্বাঞ্চল রাজ্যগুলির মধ্যে দ্বিতীয়স্থান অর্জন করেছে। গতকাল নয়াদিল্লির দি ললিত হোটেলে আয়োজিত এক অনুষ্ঠানে পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা এই পুরস্কার গ্রহণ করেন। উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রকের ডাইরেক্টর জেনারেল মনিষা সাকসেনা, নীতি আয়োগের প্রাক্তন সিইও তথা জি-২০ সেরপা অমিতাভ কান্ত এবং ওয়ার্ল্ড ট্রেভেল এন্ড ট্যুরিজম কাউন্সিল ইন্ডিয়া ইনিশিয়েটিভ-এর চেয়ারম্যান দীপ কানরা।

উল্লেখ্য, ওয়ার্ল্ড ট্রেভেল এন্ড ট্যুরিজম কাউন্সিল ইন্ডিয়া ইনিশিয়েটিভ (ডাব্লিউটিটিসিএলএল) ভারতের পর্যটন বিষয়ক একটি শীর্ষ সংস্থা। এই সংস্থার কাজ হল সারা দেশে পর্যটন ক্ষেত্রে গঠনমূলক ও উদ্ভাবনী শক্তির বিচারে বিশেষ করে রাজ্যভিত্তিক পর্যটন সম্ভাবনা, জিএসডিপি, পর্যটক আগমনের সংখ্যা, পর্যটনকেন্দ্র, যোগাযোগ ব্যবস্থা, পরিকাঠামো, বিপণন এবং সবুজায়ণ ইত্যাদি সমীক্ষার আপেক্ষিক প্রতিযোগিতার মূল্যায়ণ করা। এই সংস্থার দ্বিবার্ষিক রিপোর্টে উপরোক্ত ক্ষেত্রগুলির বিচারে ত্রিপুরা দ্বিতীয়স্থান অর্জন করেছে। ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগম থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
